

PRINT

সমকাল

ড্যাফোডিল ইউনিভার্সিটিতে অটিজম নিয়ে সেমিনার

১০ ঘণ্টা আগে

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ডিআইইউ) রোটার্যাস্ট ক্লাবের উদ্যোগে 'অটিজম : বুৰতে হবে, সচেতন হোন' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। 'মানুষ হয়ে মানবতায় অবদান রাখুন' স্লোগানকে প্রতিপাদ্য করে সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সদস্য ও ইয়াং বাংলার আহ্বায়ক নাহিম রাজ্জাক। বিশেষ অতিথি ছিলেন ডিআইইউ'র উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মাহবুব উল হক মজুমদার এবং ডিআইইউ রোটার্যাস্ট ক্লাবের আহ্বায়ক দারা আবদুস সাত্তার। ক্লাবের প্রেসিডেন্ট হাসান শাহরিয়ার শাওনের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন নিউট্রিশন অ্যান্ড অটিজম রিসার্চ সেন্টারের চেয়ারম্যান আরিফুর রহমান রিপন। সঞ্চালনা করেন ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি হুমায়ুন কবির পলাশ। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: info@samakal.com

